

বাংলাদেশ পর্যটন করপোরেশন  
প্রশাসন বিভাগ  
বীর উত্তম এ.কে. খন্দকার সড়ক  
৮৩-৮৮ মহাখালী বা/এ, ঢাকা-১২১২।

স্মারক নং-০০.০৩২.০১৮.২০.০১.০৫৫.২০০৬(২)/২৯৬৮


১৭ পৌষ ১৪২৪  
তারিখ:-----  
৩১ ডিসেম্বর ২০১৭

অফিস আদেশ

প্রতি বছরের ন্যায় এ বছরেও ঢাকাস্থ শের-ই-বাংলা নগর, আগারগাঁও-এ ২৩তম ঢাকা আন্তর্জাতিক বাণিজ্য মেলা-২০১৮ অনুষ্ঠিত হতে যাচ্ছে। রপ্তানী উন্নয়ন ব্যুরো (EPB) ও বাণিজ্য মন্ত্রণালয়ের যৌথ উদ্যোগে আয়োজিত এ মেলায় বাংলাদেশ পর্যটন করপোরেশন অংশগ্রহণ করতে যাচ্ছে। উক্ত মেলায় বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী জনাব রাশেদ খান মেনন, এম পি বাংলাদেশ পর্যটন করপোরেশনের প্যাভিলিয়ন উদ্বোধন করার সদয় সম্মতি জ্ঞাপন করেছেন। এছাড়া উক্ত উদ্বোধনী অনুষ্ঠানে বাংলাদেশ পর্যটন করপোরেশনের চেয়ারম্যান জনাব আখতারুজ্জামান খান কবির এবং অন্যান্য উচ্চপদস্থ কর্মকর্তাবৃন্দ উপস্থিত থাকবেন।

২। এ প্রেক্ষিতে আগামী ০১-০১-২০১৮ তারিখ সন্ধ্যা ৬:০০ টায় ঢাকা আন্তর্জাতিক বাণিজ্য মেলা-২০১৮-এ বাংলাদেশ পর্যটন করপোরেশনের প্যাভিলিয়ন উদ্বোধন উপলক্ষ্যে বাপক-এর আগ্রহী কর্মকর্তা/কর্মচারীবৃন্দকে উপস্থিত থাকার জন্য অনুরোধ জানানো হলো।

কর্তৃপক্ষের আদেশক্রমে,

  
(মুহাম্মদ মজিদ উদ্দিন হোসেন)  
ব্যবস্থাপক (প্রশাসন)

বিতরণ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

- ১। মহাব্যবস্থাপক/অধ্যক্ষ,------(সকল), বাপক, ঢাকা।
- ২। ব্যবস্থাপক------(সকল), বাপক, ঢাকা।
- ৩। ব্যবস্থাপক, আইসিটি, প্রধান কার্যালয়, বাপক, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের জন্য)।
- ৪। চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, বাপক, ঢাকা- চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য।
- ৫। পরিচালক মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা (প্রশাসন ও অর্থ/পরিচালনা/বাণিজ্যিক), বাপক, ঢাকা-পরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য।
- ৬। সকল কর্মকর্তা/কর্মচারী, বাপক, ঢাকা।